গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া, পাবনা।
www.bera.pabna.gov.bd

স্মারক নং -০৫.৪৩.৭৬১৬.০০০.০২০.০২১.২২-৩২৭ তারিখ:-৩১/০৩/২০২২ খ্রি.।

# 'ডিপি পুকুর ইজারা বিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেড়া উপজেলাধীন নিম্নতফসিল বর্ণিত ডিপি/অর্পিত তালিকাভুক্ত পুকুরটি বাংলা ১৪২৯ সন হতে বাংলা ১৪৩১ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। উক্ত নিলাম ডাক আগামী ১২/০৪/২০২২ খ্রি. তারিখে বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে অংশ গ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ১২/০৪/২০২২ খ্রি. তারিখে বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সহকারী কমিশনার (ভূমি), বেড়া, পাবনা বরাবর ২০/- (বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্র দাখিলপূর্বক যথাস্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রথম পর্যায়ে নিলাম ডাকে বিধি মোতাবেক সন্তোষজনক দর পাওয়া না গেলে উক্ত ডাক তালিকায় উল্লিখিত তারিখসমূহে পর্যায়ক্রমে নিলাম ডাক কার্যক্রম পরিচালিত হবে।

:তফসিল সম্পত্তির বিবরণ নিম্নরূপ:

| ক্রঃ নং | ডিপি কেস নম্বর | মৌজার নাম | খং নং (S.A/R.S) | দাগ নং (S.A/R.S) | জমির পরিমাণ (একরে) | সম্ভাব্য ইজারা মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১) | ০২(বেড়া)/৭৭-৭৮ | হাটুরিয়া | ১১৭৮/১৯০ | ২১৮২/৩৫২৭ | ১.০৩০০ একর | ৩২,০২৫/- | চালতে বাড়ী ডিপি পুকুর |

ঃ নিলাম ডাকের ধারাবাহিক বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | নিলাম ডাকের পর্যায় | নিলাম ডাকের তারিখ | নিলাম ডাকের সময় | নিলাম ডাকের স্থান |
|---|---|---|---|---|
| ০১) | প্রথম পর্যায় | ১২-০৪-২০২২ খ্রিঃ | বেলা - ১১.৩০ ঘটিকা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেড়া, পাবনা |
| ০২) | দ্বিতীয় পর্যায় | ১৯-০৪-২০২২ খ্রিঃ | বেলা - ১১.৩০ ঘটিকা | (-ঐ-) |
| ০৩) | তৃতীয় পর্যায় | ২৬-০৪-২০২২ খ্রিঃ | বেলা - ১১.৩০ ঘটিকা | (-ঐ-) |

নিলাম ডাকের শর্তসমূহ:

০১) প্রকাশ্য নিলাম ডাকের ধার্য তারিখে বেলা ১১.০০ ঘটিকার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত সময়ের পূর্বেই আবেদনপত্র দাখিল করতে হবে।

০২) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের কমপক্ষে (আধা ঘন্টা) পূর্বে ডাকে অংশ গ্রহনকারীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অগ্রিম জামানত হিসেবে জমা প্রদান করতে হবে (জামানত ফেরতযোগ্য বা সমন্বয়যোগ্য)।

০৩) সর্বোচ্চ ডাককারীর ডাক গৃহিত হবে (তবে এক্ষেত্রে আইন-৪ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬-৬১৯, তারিখ: ০৩/১২/২০১৯ খ্রিষ্টাব্দ এ জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে) এবং ডাকের সমুদয় অর্থ (১৫% ভ্যাট ও ১০% আয়করসহ) সাথে সাথে ডাক টেবিলে জমা প্রদান করতে হবে অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

০৪) ডিপি পুকুরটির গত বারের ইজারা মূল্য ছিল ৩০,৫০০ টাকা। গত বারের ইজারা মূল্যের চেয়ে কমপক্ষে ১০% বৃদ্ধি করে প্রাপ্ত মূল্যই সংশ্লিষ্ট ডিপি পুকুরের সর্বনিম্ন সরকারি ইজারা/নিলাম ডাকমূল্য হিসেবে গণ্য হবে।

০৫) সর্বোচ্চ ডাককারী ইজারা/নিলাম ডাকে অংশগ্রহণ করে পরে তা প্রত্যাহার করলে সেক্ষেত্রে তার জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

০৬) ডাককারী কর্তৃপক্ষ যে কোন কারণে তালিকা সংযোজন/বিয়োজন করার ক্ষমতা রাখেন এবং তফসিলে দাগ, খতিয়ান, জমির পরিমাণ, মৌজার নাম, ডিপি কেস নম্বর ইত্যাদি ভুল হলে তা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(চলমানপাতা-০২)

Scanned with CamScanner

০৭) ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল/স্থগিত/ডাকের পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮) কর্তৃপক্ষ কর্তৃক ডাক চূড়ান্ত অনুমোদিত হলে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে পুকুরের দখল বুঝিয়ে দেয়া হবে।

০৯) ইজারাকৃত পুকুরের কোনরূপ শ্রেণি পরিবর্তন করা যাবে না এবং সাব-লীজ দেয়া যাবে না। এছাড়া পুকুরে মৎস্য শিকারের জন্য পানিতে কোন প্রকার কিটনাশক বা রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করা যাবে না। এরূপ করলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং ডাকের সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১০) ইজারাকৃত পুকুরের পাড়ের গাছ কাটা ও পানি শুকিয়ে ফেলা যাবে না।

১১) বছরের যে কোন সময় প্রদত্ত ইজারা বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে কার্যকর হবে।

১২) ইজারা/নিলাম ডাকের যে কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩) ইজারা গ্রহিতা মৎস্য চাষ ব্যতিত অন্য কোন কাজে ইজারাকৃত পুকুর ব্যবহার করতে পারবেন না এবং পুকুর এর কোন অংশের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার স্বত্বের সৃষ্টি হবে না।

১৪) ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত পুকুর নিয়ে কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা থাকলে তা ইজারা কার্যক্রমের আওতামুক্ত থাকবে এবং ভবিষ্যতে যদি জানা যায় যে, নিষেধাজ্ঞা বলবৎ তবে উক্ত ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫) সরকারি বিধি মোতাবেক ডাক শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে/প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর পরই ডাককারী কর্তৃক নিজ খরচে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

স্বা:-৩১/০৩/২২

(মোহা: সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা
ফোন: ০২৫৮৮৮৪৮০০৩
মোবা: ০১৭৬২-৬২১০২৩
e-mail:unobera@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞতার্থে:

০১। জেলা প্রশাসক, পাবনা।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেড়া, পাবনা।
০৪। মেয়র, বেড়া পৌরসভা, বেড়া, পাবনা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৫। চেয়ারম্যান, হাটুরিয়া নাকালিয়া ইউনিয়ন পরিষদ, বেড়া, পাবনা।
০৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, বেড়া, পাবনা।
০৭। অফিসার ইন-চার্জ, বেড়া মডেল থানা, বেড়া, পাবনা তাঁকে ধার্য তারিখে নির্ধারিত স্থানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের জন্য অনুরোধ করা হলো।
০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বেড়া, পাবনা।
০৯। উপজেলা সমবায় কর্মকর্তা, বেড়া, পাবনা।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, হাটুরিয়া নাকালিয়া ইউনিয়ন ভূমি অফিস, বেড়া, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি সকল হাট-বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপক প্রচার ও ঢোল শহরত পিটিয়ে জারী করতঃ জারীর প্রতিবেদন অত্রাফিসে দাখিল করার জন্য বলা হলো। এছাড়া পুকুরপাড়, স্থানীয় মসজিদ/মন্দির এবং গুরুত্বপূর্ণ রাস্তায় বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।
১১। সহকারী প্রোগ্রামার, বেড়া, পাবনা (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবে সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২। নোটিশ বোর্ড/অফিস কপি।

Scanned with CamScanner